প্রথম আলো

তারিখ 28 JAN 2013 পৃষ্ঠা ৩ কলাম ৪

বেসরকারি মেডিকেল কলেজ

# ভর্তি ফি নির্ধারণে নীতিমালা কেন নয় জানতে চেয়ে রুল

নিজস্ব প্রতিবেদক ●

সরকারি মেডিকেল কলেজের সঙ্গে সামঞ্জস্য রেখে বেসরকারি মেডিকেল কলেজে ভর্তি ও টিউশন ফি নির্ধারণে সুনির্দিষ্ট নীতিমালা প্রণয়নের নির্দেশ কেন দেওয়া হবে না, তা জানতে চেয়ে রুল জারি করেছেন হাইকোর্ট।

বিচারপতি নাঈমা হায়দার ও বিচারপতি জাফর আহমেদের সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ এক রিটের প্রাথমিক শুনানির পর গতকাল রোববার এ রুল জারি করেন। মন্ত্রিপরিষদের সচিব, শিক্ষা ও স্বাস্থ্যসচিব এবং স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালকসহ বিবাদীদের তিন সপ্তাহের মধ্যে রুলের জবাব দিতে বলা হয়েছে।

*প্রথম আলোয়* গত ২২ ডিসেম্বর 'বেসরকারি মেডিকেল কলেজে ভর্তি: ৬৫০ কোটি টাকার বাণিজ্য' শিরোনামে একটি প্রতিবেদন প্রকাশিত হয়। প্রতিবেদনটি যুক্ত করে ল ইয়ার্স সোসাইটি ফর সর পক্ষে সংগঠনের চেয়ারম্যান জ্যেষ্ঠ আইনজীবী এ কে এম ফয়েজ গতকাল রিটটি করেন। রিটের পক্ষে তিনিই শুনানি করেন। সঙ্গে ছিলেন আইনজীবী মেজবাহুল ইসলাম ও শাহানা পারভীন। রাষ্ট্রপক্ষে ছিলেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল মোখলেছুর রহমান।

রিট আবেদনের বিষয়বস্তু থেকে জানা যায়, সরকারি মেডিকেল কলেজে জনপ্রতি ভর্তি ফি ১০ হাজার টাকা নেওয়া হয়। অধিকাংশ বেসরকারি মেডিকেল কলেজে ভর্তি ও টিউশন ফি বাবদ ১৩ থেকে ১৫ লাখ টাকা আদায় করা হচ্ছে, যা সরকারি মেডিকেলের তুলনায় ১২৫ গুণ বেশি। ২০১২-১৩ শিক্ষাবর্ষে সরকারের পক্ষ থেকে ভর্তিসংক্রান্ত বিভিন্ন দিকনির্দেশনা থাকলেও ভর্তি ও টিউশন ফি নিয়ে কোনো নির্দেশনা দেওয়া হয়নি, যা শিক্ষানীতি ২০১০-এর ৮ অনুচ্ছেদের সুস্পষ্ট লঙ্ঘন।